

## রাবি ছাত্রলীগের দুই নেতাকে প্রহরীদের প্রহার

রাবি প্রতিনিধি

৯ মে ২০১৯ ০০:০০ | আপডেট: ৮ মে ২০১৯ ২২:৪৯



আমাদের সময়

রাজশাহী বিশ্ববিদ্যালয় (রাবি) ছাত্রলীগের দুই নেতাকে পিটিয়ে জখম ও হাত ভেঙে দিয়েছে ক্যাম্পাসের লিচু বাগানের কয়েকজন প্রহরী। গত মঙ্গলবার রাত সাড়ে ৯টার দিকে বিশ্ববিদ্যালয়ের রোকেয়া হলের পেছনের গোদাগাড়ী বাগানে লিচু ‘চুরি’ করতে গেলে প্রহরীরা তাদের মারধর করেন। এ ঘটনা জানার পর ক্ষুব্ধ নেতাকর্মীরা বাগানের ভেতরে প্রহরীদের থাকার ঘরে আগুন ধরিয়ে দেয়। মারধরের শিকার মাহমুদুর রহমান কানন বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের তথ্য ও গবেষণাবিষয়ক সম্পাদক এবং মেহেদি হাসান উপ-আন্তর্জাতিক সম্পাদক। তাদের চিকিৎসার জন্য রাজশাহী মেডিক্যাল কলেজ (রামেক) হাসপাতালে ভর্তি করা হয়েছে। বর্তমানে তারা রামেকের ৮ ও ৩১ নম্বর ওয়ার্ডে চিকিৎসাধীন রয়েছেন। ডাক্তারের পরামর্শ অনুযায়ী এক্স-রে করা হলে রিপোর্টে দেখা যায় কাননের দুই হাতই ভেঙে গেছে এবং মেহেদির পায়ে গুরুতর জখম হয়েছে। এদিকে এই ঘটনায় ওই রাতেই ১১ জনের বিরুদ্ধে নগরীর মতিহার থানায় মামলা দায়ের করা হয়। তাদের মধ্যে আশীষ (২৪) নামের স্থানীয় এক যুবককে আটক করেছে পুলিশ। ক্যাম্পাস সূত্রে জানা যায়, রাত সাড়ে ৯টার দিকে কানন ও মেহেদিসহ ছাত্রলীগের আটজন নেতাকর্মী গোদাগাড়ী বাগানে লিচু পাড়তে যান। বাগানটি পাহারার দায়িত্বে থাকা বেশ কয়েকজন প্রহরী তাদের বাধা দেন। কানন ও মেহেদিসহ সবাই ছাত্রলীগের নেতাকর্মী পরিচয় দেওয়ার এক পর্যায়ে তাদের মধ্যে হাতাহাতি শুরু হয়। এতে প্রহরীরা তাদের ওপর ক্ষিপ্ত হয়ে লাঠি-বাঁশ দিয়ে সবাইকে এলোপাতাড়ি মারধর করেন। এদিকে খবর পেয়ে ছাত্রলীগের নেতাকর্মীরা ঘটনাস্থলে রড, স্টাম্প নিয়ে উপস্থিত হন। তাদের উপস্থিতি টের পেয়ে মারধরকারীরা পালিয়ে যায়। ওই সময় নেতাকর্মীরা প্রহরীদের থাকার জন্য তৈরি করা মাচার ঘরটিতে আগুন দেয়। এ বিষয়ে ছাত্রলীগের সাধারণ সম্পাদক ফয়সাল আহমেদ রুণু বলেন, আমাদের দুজনকে মারধর করা হয়েছে। আমরা তাদের চিকিৎসার জন্য হাসপাতালে ভর্তি করেছি। তাদের চিকিৎসা চলছে। মতিহার থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শাহাদাত হোসেন বলেন, মঙ্গলবার রাতে ছাত্রলীগ নেতা ইমরান বাদী হয়ে ১১ জনকে আসামি করে হত্যাচেষ্টার মামলা দায়ের করেন। একজনকে আটক করা হয়েছে। বাকিদের ধরার জন্য চেষ্টা চলছে। এ বিষয়ে বিশ^বিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক লুৎফর রহমান বলেন, বিশ^বিদ্যালয়ের দুই শিক্ষার্থীকে এভাবে মারধর করেছে। ঘটনাটি অত্যন্ত দুঃখজনক। পুলিশ এ বিষয়ে ব্যবস্থা নিচ্ছে।